# Times Today BD

আলী হায়দার | ঢাকা | 26 April, 2025

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি কুলিয়ারচর উপজেলা শাখার নব গঠিত কমিটির মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৬ এপ্রিল) সকাল ১১টার দিকে কুলিয়ারচর অডিটোরিয়াম কাম কমিউনিটি সেন্টারে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি কুলিয়ারচর উপজেলা শাখার নব গঠিত কমিটির পরিচিতি, নব যোগদানকৃত শিক্ষকদের বরণ এবং মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকল্পে অনুষ্ঠিত মত বিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় বিএনপির সাংগঠনিক সম্পাদক ও কিশোরগঞ্জ জেলা বিএনপির সভাপতি মো. শরীফুল আলম সিআইপি।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কুলিয়ারচর উপজেলা বিএনপির সভাপতি ও উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান নূরুল মিল্লাত, কিশোরগঞ্জ জেলা বিএনপির সহ-সভাপতি এডভোকেট মশিউর রহমান, কুলিয়ারচর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক এম.এ. হান্নান, পৌর বিএনপির সাধারণ সম্পাদক শাহাদৎ হোসেন শাহ্ আলম, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. আবদুল আলিম রানা, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি কিশোরগঞ্জ জেলা শাখার সভাপতি মো. শামছুল হক ফরহাদ ও সাধারণ সম্পাদক মো. মাহবুবুর রহমান।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, বংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি কেন্দ্রীয় কমিটির সভাপতি মো. আবুল কাসেম।বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মো. মোস্তাফিজুর রহমান শাহীন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি কুলিয়ারচর উপজেলা শাখার সভাপতি মো. মাহফুজুল হক। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি কুলিয়ারচর উপজেলা শাখার সাধারণ সম্পাদক মুহাম্মদ আসাদুজ্জামান।

অনুষ্ঠানের শুরুতে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি কুলিয়ারচর উপজেলা শাখার পক্ষ থেকে প্রধান অতিথি কেন্দ্রীয় বিএনপির সাংগঠনিক সম্পাদক ও কিশোরগঞ্জ জেলা বিএনপির সভাপতি মো. শরীফুল আলম সিআইপিকে ফুলের তোড়া দিয়ে বরণ করে নেন সংগঠনের সভাপতি মো. মাহফুজুল হক ও সাধারণ সম্পাদক মুহাম্মদ আসাদুজ্জামান।পরে তাকে ক্রেস্ট দিয়ে সম্মানীত করা হয়।

প্রাথমিক শিক্ষক সমিতি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:24

URL: https://www.timestodaybd.com/dhaka/1123341480